



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



মুজিব  
শতবর্ষ  
100

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০১.১৮.৩৩১

তারিখ: ১ আশ্বিন ১৪২৭  
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সহকারী অধ্যাপকের স্কেল প্রদান।

বগুড়া জেলার শহীদ জিয়া মডেল কলেজের প্রভাষক (রসায়ন) জনাব মোঃ রেজাউল হক সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

আবেদনের বর্ণনা: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ২০/০৬/২০১৫খ্রি. তারিখের শিক্ষা পরিদর্শক জ্যেষ্ঠতা লঙ্ঘনের অভিযোগ সরেজমিন তদন্ত করেন এবং জেলা শিক্ষা অফিস, বগুড়া এর নির্দেশে উপজেলা শিক্ষা অফিসার পুনরায় তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদন দুইটির আলোকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের জন্য আবেদন করেন।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বেসরকারি কলেজ শাখা, ঢাকা এর স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০১.১৮.৮৯, তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২০ মোতাবেক জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক সহকারী অধ্যাপক/প্রভাষকের তালিকা প্রেরণ করার জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। কিন্তু অধ্যক্ষ পত্রের জবাব দাখিল করেন নি। সিনিয়রকে বাদ দিয়ে জুনিয়রকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করেছেন। যা জনবল কাঠামো ২০১৮ এর সুস্পষ্ট লঙ্ঘন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে অধ্যক্ষকে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।। ০৩(তিন) কর্মদিবসের মধ্যে পত্রের জবাব না দিলে আপনার বিরুদ্ধে জনবল কাঠামোর ১৮ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬-৯-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

অধ্যক্ষ

শহীদ জিয়া মডেল কলেজ, বগুড়া

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০১.১৮.৩৩১/১(২)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭  
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, শহীদ জিয়া মডেল কলেজ, বগুড়া।
- ২) জনাব মোঃ রেজাউল হক, প্রভাষক (রসায়ন), শহীদ জিয়া মডেল কলেজ, বগুড়া।

আব্দুল

১৬-৯-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক